

আমাদের প্রশ্নোত্তর বাংলায় পড়ুন
(To read our Q&A in Bengali)

প্রশ্নোত্তর: কোভিড-১৯ (COVID-19) টীকা

আপডেট: মে ২০, ২০২১

ইউনাইটেড স্টেটস ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA/এফডিএ) ফাইজার-বায়োএনটেক, মডার্না এবং জনসন অ্যান্ড জনসন দ্বারা তৈরি কোভিড-১৯ (COVID-19) -এর টীকার জন্য জরুরী ব্যবহারের/ ইমার্জেন্সি ইউজ অথরাইজেশন (EUA/ইইউএ) জারি করেছে। এই তিনটি টীকাই এখন মার্কিন যুক্তরাষ্ট্রে বিতরণ করা হচ্ছে।

বেনিফিট ফান্ড টীকাগুলি সম্পর্কে জিজ্ঞাসিত সাধারণ প্রশ্ন এবং উত্তরের এই তালিকা তৈরি করেছে।

টীকার যোগ্যতা, প্রাপ্যতা, এবং বিতরণ

১ প্রশ্ন: যুক্তরাষ্ট্রে কোন কোন টীকা পাওয়া যায়?

উঃ ফাইজার এবং মডার্না টীকা বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রে বিতরণ করা হচ্ছে। অতি সম্প্রতি, জনসন অ্যান্ড জনসন দ্বারা তৈরি তৃতীয় একটি টীকা শনিবার, ২৭শে ফেব্রুয়ারিতে স্বীকৃতি পায়।

২ প্রশ্ন: কোভিড-১৯ (COVID-19) টীকা কোন বয়সের জন্য নিরাপদ বলে বিবেচনা করা হয়?

উঃ বর্তমানে ফাইজারের টীকাটি ১২ বছর বা তার বেশী বয়সী ব্যক্তিদের জন্য নিরাপদ বলে বিবেচনা করা হচ্ছে। মডার্নার টীকা এবং জনসন অ্যান্ড জনসনের টীকা ১৮ বছর বা তার বেশী বয়সী ব্যক্তিদের জন্য নিরাপদ বলে বিবেচনা করা হচ্ছে।

৩ প্রশ্ন: বর্তমানে কার টীকা পাওয়ার যোগ্যতা আছে?

উঃ সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (সিডিসি) এই টীকা কিভাবে বিতরণ করা যায় সে বিষয়ে বাধ্যতামূলক নয় এমন সুপারিশ প্রকাশ করেছে। পরিশেষে, প্রতিটি স্টেটের এই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা আছে যে কাকে এই টীকা গ্রহণে অগ্রাধিকার দেওয়া হবে।

নিউ ইয়র্কে টীকা পাওয়ার যোগ্যতা কার আছে তার সবচেয়ে হালনাগাদ তালিকার জন্য [এখানে ক্লিক করুন](#) এবং নিউ জার্সির জন্য, [এখানে ক্লিক করুন](#)।

৪ প্রশ্ন: ইউনিয়নের সদস্যরা কখন কোভিড-১৯(COVID-19) টীকা পাওয়ার আশা করতে পারে?

উঃ আমাদের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে টিকাগুলি সহজেই উপলব্ধ। কোনও ব্যক্তি যদি টিকা গ্রহণের জন্য বুকিং করতে ইচ্ছুক হন তারা এখন সেটি করতে সক্ষম।

ফাওস-এর কর্মীরা সক্রিয়ভাবে সদস্যদের সাথে যোগাযোগ করছেন তাদের টিকাকরণের জন্য সময়সূচী নির্ধারণ করতে। † উপরন্তু সময়সূচী নির্ধারণ করে আপনার টিকা নেওয়া বুকিং করতে আপনি কোভিড-১৯ হটলাইনে কল করতে পারেন COVID-19 HOTLINE 1-833-FUNDS-RU (1-833-386-3778, ext. 8913)। আপনি যদি ইতিমধ্যে না করে থাকেন, আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি যে ইউনিয়ন থেকে টেক্সটের মাধ্যমে তথ্য জানার জন্য তাদের ওয়েবসাইটে সাইন আপ করুন:

<https://hotelworkers.org/covid19/sign-up-to-receive-union-alerts>

৫ প্রশ্ন: সবার জন্য কি পর্যাপ্ত সংখ্যার টীকা থাকবে?

উঃ হ্যাঁ, কিন্তু অবিলম্বে পাওয়া যাবে না। বর্তমানে আমরা সবচেয়ে বড় যেই চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছি তা হচ্ছে টীকার অভাব। বাইডেন প্রশাসন কার্যালয়ের দায়িত্ব গ্রহণের পর থেকেই টীকা উৎপাদন বৃদ্ধি এবং বিতরণ উন্নতি করার পদক্ষেপ গ্রহণ করেছে। প্রেসিডেন্ট বাইডেন ঘোষণা করেছেন যে ২০২১ সালের মে মাসে যুক্তরাষ্ট্রের সকল আমেরিকান প্রাপ্তবয়স্কদের জন্য পর্যাপ্ত টীকা সরবরাহ করা যাবে, তবে এই টীকা বিতরণ করতে আরও বেশি সময় লাগতে পারে।

৬ প্রশ্ন: এই টীকার দাম কত হবে?

উঃ এটা বিনামূল্যের হবে। ফেডারেল সরকার করদাতাদের টাকা দিয়েই টীকা কিনেছে। টীকা প্রদানকারীরা কাউকে টীকা দেওয়ার জন্য একটি প্রশাসনিক ফি চার্জ করতে পারেন।

৭ প্রশ্ন: স্বাস্থ্যকেন্দ্রগুলোতে কি এই টীকা পাওয়া যাবে?

উঃ হ্যাঁ, অবশেষে পাওয়া যাবে। আমাদের স্বাস্থ্যকেন্দ্রগুলি টীকা বিতরণের সাইট হিসাবে স্বীকৃতি পেয়েছে এবং এখন পর্যন্ত, খুব অল্প পরিমাণ টীকা পেয়েছে। নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ হেল্থ আমাদের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বিতরণ নিয়ন্ত্রণ করে এবং আমরা তাদের সাথে একত্রে কাজ করছি বেশী টীকার সরবরাহ পাওয়ার জন্য। বর্তমানে, টীকার অভাবই হোল আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

৮ প্রশ্ন: কিভাবে জানবো আমি কখন টীকা নিতে পারবো?

উঃ যেহেতু এই ভাণ্ডার নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেল্থ থেকে টীকাগুলি আয়ত্ত্ব করেছে, তাই স্বাস্থ্য বিভাগ দ্বারা প্রতিষ্ঠিত রোগ-সম্পর্কিত অগ্রাধিকার অনুযায়ী কখন এবং কোথায় টীকা প্রদানের জন্য রিপোর্ট করতে হবে সে বিষয়ে কর্মীরা সদস্যদের সাথে যোগাযোগ করবে। এখন পর্যন্ত, আমরা খুবই কম সংখ্যক টীকা সরবরাহ পেয়েছি।

দয়া করে টীকা পাবার জন্য একটি অ্যাপয়ন্টমেন্ট করতে স্বাস্থ্য কেন্দ্রগুলোতে ফোন **করবেন না**। যখন আপনার অ্যাপয়ন্টমেন্টের সময় হবে তখন হেল্থ সেন্টারের কর্মীরা আপনার সাথে যোগাযোগ করবে। আপনি যদি ইতিমধ্যে না করে থাকেন, আমরা সুপারিশ করছি যে আপনি ইউনিয়ন থেকে টেক্সট দ্বারা সতর্কতা পাওয়ার জন্য তাদের ওয়েবসাইটে সাইন আপ করুন: <https://hotelworkers.org/covid19/sign-up-to-receive-union-alerts>

টীকার নিরাপত্তা

৯ প্রঃ এই টীকাগুলো কি নিরাপদ?

উঃ এখন পর্যন্ত, তিনটি টীকাই খুব নিরাপদ বলে প্রমাণিত হয়েছে। অত্যন্ত বিরল ক্ষেত্রে, ব্যক্তিদের তীব্র এলার্জি প্রতিক্রিয়া হয়েছে। সিডিসি বলছে যে মার্কিন যুক্তরাষ্ট্রে মডার্ন বা ফাইজার টীকা দেওয়া প্রতি ১০ লক্ষ মানুষের মধ্যে এই ঘটনা ঘটেছে মাত্র ২-৫ জনের। যে সব ব্যক্তিদের খাদ্য এবং ওষুধের তীব্র এলার্জির ইতিহাস আছে তারা টীকা নেওয়ার আগে তাদের ডাক্তারের সাথে পরামর্শ করতে চাইতে পারেন।

১০ প্রঃ আমরা কেন এই টীকাকে নিরাপদ বলে বিশ্বাস করব?

উঃ এফডিএ সেই একই নিয়ন্ত্রিত মানদণ্ড ব্যবহার করেছে যা তারা দশকের পর দশক ধরে টীকার নিরাপত্তা মূল্যায়নের জন্য ব্যবহার করে এসেছে। এই সংকটের সময় একটি টীকা তৈরির প্রক্রিয়াটি স্বরাশ্রিত করা হয়েছিল ইমার্জেন্সি ইউজ অথরাইজেশন (ই ইউ এ/ইউএ) ব্যবহার করে, কিন্তু এই প্রক্রিয়ার কোন পদক্ষেপ একেবারেই এড়িয়ে যাওয়া হয়নি। উপরন্তু, দুইটি ফেডারেল উপদেষ্টা বোর্ড, এফডিএ এবং সিডিসি, নিউ ইয়র্ক থেকে একটি পৃথক উপদেষ্টা বোর্ড সহ ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলির অনুসন্ধান পর্যালোচনা এবং বন্ধমূল করেছে।

১১ প্রঃ চিকিৎসা গবেষণায় মার্কিন যুক্তরাষ্ট্রের বর্ণবাদের ইতিহাস বিবেচনা করে, ব্ল্যাক এবং ব্রাউন জনগণ কেন এই টীকাকে নিরাপদ বলে বিশ্বাস করবে?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে বহু বছরের জাতিগত বৈষম্য চিকিৎসা উদ্যোগকে জর্জরিত করেছে এবং চিকিৎসা অধ্যয়নের বিশ্বাসযোগ্যতাকে মলিন করেছে। টীকার প্রতি আশ্বাস অভাব একটি বোধগম্য প্রতিক্রিয়া, কিন্তু এই টীকার পিছনে অবলম্বিত বিজ্ঞান যুক্তিসঙ্গত এবং ফাইজার, মডার্না, এবং জনসন এন্ড জনসন সবাই বিভিন্ন গবেষণা করার জন্য সম্মিলিতভাবে প্রচেষ্টা করেছে। এই টীকা জাতি বা লিঙ্গ নির্বিশেষে কোভিড-১৯ (COVID-19) থেকে গুরুতর অসুস্থতা এবং মৃত্যু প্রতিরোধে অত্যন্ত কার্যকর এবং নিরাপদ হিসেবে প্রমাণিত হয়েছে।

১২ প্রশ্নঃ ব্ল্যাক, ল্যাটিনো এবং এশিয়ান মানুষ কি টীকার গবেষণায় অন্তর্ভুক্ত ছিল?

উঃ হ্যাঁ। ফাইজার টীকার গবেষণায়, ৩৭,৭০৬ অংশগ্রহণকারীদের মধ্যে ২৮% হিস্পানিক বা ল্যাটিনো, ৯.৩% ব্ল্যাক বা আফ্রিকান আমেরিকান, ৪.৩% এশিয়ান, এবং প্রায় ৮০% ছিল সাদা লোক। মডার্নার গবেষণায়, ৩০,০০০ অংশগ্রহণকারীদের মধ্যে ২০% হিস্পানিক বা ল্যাটিনো এবং ১০% ছিল ব্ল্যাক বা আফ্রিকান আমেরিকান। জনসন অ্যান্ড জনসনের

গবেষণায়, ৩৯,৩২১ অংশগ্রহণকারীদের মধ্যে ৪৫.৩% হিস্পানিক বা ল্যাটিনো, ১৯.৪% ছিল ব্ল্যাক, ৯.৫% আমেরিকান ইন্ডিয়ান বা আলাস্কা আদিবাসী, ৩.৩% এশিয়ান, .২% ছিল নেটিভ হাওয়াইয়ান বা প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের লোকেরা, এবং ৫.৬% ছিল মিশ্র জাতির লোকেরা।

১৩ প্রশ্ন: বিভিন্ন বর্ণবাদী গোষ্ঠীর উপর পার্শ্বপ্রতিক্রিয়া এবং কার্যকারিতার মধ্যে কোন পার্থক্য ছিল কি?

উঃ না। জাতি বা লিঙ্গের উপর ভিত্তি করে টীকার পার্শ্বপ্রতিক্রিয়া বা কার্যকারিতার মধ্যে কোন পার্থক্য ছিল না।

১৪ প্রশ্ন: তেমন কোন বিশেষ ব্যাধিগ্রস্ত ব্যক্তি বা নির্দিষ্ট কোন ওষুধ খান এমন ব্যক্তি আছে কি, যাদের এই টীকাটি নেওয়া উচিত নয়?

উঃ সামগ্রিকভাবে, ওষুধ ব্যবহার বা নির্দিষ্ট চিকিৎসা অবস্থার অস্তিত্বের কারণে এই টীকা নিয়ে কোন সমস্যা হয়নি। কিন্তু, যাদের টীকার কোন উপাদানে তীব্র এলার্জি থেকে থাকে তাদের এই টীকা নেওয়া উচিত নয়।

১৪.১ প্রশ্ন: এমআরএনএ (mRNA) টীকার উপাদানগুলো কি কি?

উঃ এমআরএনএ (mRNA) টীকার একমাত্র সক্রিয় উপাদান হল বার্তাবাহক রিবোনিউক্লিক এসিড (এমআরএনএ)। এই টীকায় লিপিড (বা চর্বি যুক্ত অণু) আছে যা এমআরএনএ-কে (mRNA) রক্ষা করে যখন এটি কোষে প্রবেশ করে, আর আছে লবন যা আপনার শরীরের অম্লতার ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে, এবং আছে চিনি যা অণুগুলিকে হিমায়িত করার সময় তাদের আকৃতি বজায় রাখতে সাহায্য করে।

১৪.২ প্রশ্ন: জনসন অ্যান্ড জনসন টীকার উপাদানগুলো কি?

উঃ জনসন অ্যান্ড জনসন টীকাতে পরিবর্তিত অ্যাডেনোভাইরাস টাইপ ২৬ অন্তর্ভুক্ত আছে। এই টীকায় পরিবর্তিত ভাইরাসকে স্থিতিশীল রাখতে সাহায্য করার জন্য সাইট্রিক এসিড ও ব্যবহার করা হয়।

১৫ প্রশ্ন: এইচআইভি আক্রান্ত রোগীদের জন্য কোভিড-১৯(COVID-19) টীকা নেওয়া কি নিরাপদ?

উঃ বিখ্যাত এইচআইভি গবেষকসহ বৈজ্ঞানিক সম্প্রদায় বিশ্বাস করে যে কোভিড-১৯ (COVID-19) টীকা এইচআইভি আক্রান্ত রোগীদের জন্য নিরাপদ। ফাইজার টীকার গবেষণায় এইচআইভি আক্রান্ত রোগীদের তালিকাভুক্ত করা হয়েছিল এবং টীকার প্রতি তাদের প্রতিক্রিয়ার কোন পার্থক্য খুঁজে পাওয়া যায়নি বা কোন অতিরিক্ত পার্শ্বপ্রতিক্রিয়া-ও ছিল না।

১৬ প্রশ্ন: গর্ভবতী মহিলাদের কোভিড-১৯(COVID-19) টীকা নেওয়া কি নিরাপদ?

উঃ গর্ভবতী মহিলাদের জন্য কোভিড-১৯ (COVID-19) টীকার নিরাপত্তা সম্পর্কে রোগ সম্বন্ধনীয় অপর্য়ান্ত তথ্য রয়েছে। কিন্তু, গবেষণায় দেখা গেছে যে গর্ভবতী মহিলাদের কোভিড-১৯ (COVID-19) রোগে গুরুতর অসুস্থ হওয়ার এবং মারা যাওয়ার সম্ভাবনা অনেক বেশি। এবং যেহেতু এই টীকায় কোন জীবন্ত ভাইরাস অন্তর্ভুক্ত নেই এবং এটি শরীরের মধ্য ধুকেই দ্রুত বেরিয়ে যায়, তাই সিডিসি এবং আমেরিকান কলেজ অফ অবস্টেট্রিশিয়ান এবং স্ত্রীরোগ বিশেষজ্ঞরা সুপারিশ করেছেন যে গর্ভবতী মহিলাদের অসুস্থ হওয়ার ক্রমবর্ধমান ঝুঁকির কারণে তাদের এই টীকা পাওয়ার অধিকার আছে।

গর্ভবতী মহিলাদের এবং গর্ভরত অজাত শিশুর জন্য টীকার নিরাপত্তা সম্পর্কে বৈজ্ঞানিক সম্প্রদায় আরো তথ্য পেতে কার্যরত রয়েছে। বর্তমানে বিশেষ করে গর্ভবতী মহিলাদের উপর রোগসম্বন্ধনীয় গবেষণা চলছে। উপরন্তু, ১০,০০০ গর্ভবতী মহিলা মার্কিন যুক্তরাষ্ট্রে এমআরএনএ (mRNA)-র কোন একটি টীকা ইতিমধ্যে নিয়েছেন এবং প্রাথমিক টীকা গবেষণার সময় থেকেও বেশ কয়েকজন অংশগ্রহণকারী গর্ভবতী হয়েছেন এবং সেখানে কোন জটিলতা বা গর্ভপাতের ঝুঁকি বৃদ্ধি দেখা যায়নি। আপনি যদি গর্ভবতী হয়ে থাকেন, তাহলে কোন উদ্বেগের ব্যাপারে আপনার ডাক্তারের সঙ্গে পরামর্শ করার জন্য আমরা আপনাকে সুপারিশ করছি।

১৭ প্রশ্ন: এমআরএনএ(mRNA)টীকা (ফাইজার এবং মডার্না) কি বন্ধ্যাত্বের কারণ হতে পারে?

উঃ এই মুহূর্তে, এমআরএনএ (mRNA) টীকা যে বন্ধ্যাত্ব ঘটাতে পারে এমন কোন প্রমাণ নেই। আপনি যদি গর্ভবতী হয়ে থাকেন, তাহলে কোন উদ্বেগের ব্যাপারে আমরা আপনাকে আপনার ডাক্তারের সঙ্গে পরামর্শ করার জন্য সুপারিশ করছি।

টীকাগুলো কিভাবে কাজ করে?

১৮ প্রশ্ন: ভ্যাকসিনের কয়টি টীকার প্রয়োজন হবে?

উঃ ফাইজারের ভ্যাকসিনের জন্য দুটো টীকা লাগবে, ৩ সপ্তাহের ব্যবধানে। মডার্নার-ও ২-টা টীকার প্রয়োজন, কিন্তু ৪ সপ্তাহের ব্যবধানে। জনসন অ্যান্ড জনসন ভ্যাকসিনের শুধুমাত্র একটি টীকার প্রয়োজন।

১৯ প্রশ্ন: কোভিড-১৯ (COVID-19)-এর টীকাগুলি কি পরিবর্তনযোগ্য?

উঃ এই টীকাগুলো পরিবর্তনযোগ্য বলে জানা নেই। যখন কোন একটি টীকা নেওয়া শুরু করবেন, প্রস্তাবিত সময়সীমার মধ্যে সেই একই টীকা দিয়ে এটি সম্পন্ন করা গুরুত্বপূর্ণ।

২০ প্রশ্ন: টীকার পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কি কি?

উঃ ইনজেকশনের জায়গায় ব্যথা এবং নরমভাব হোল সবচেয়ে সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া। ক্লান্তি, জ্বর এবং মাথা ব্যথা সহ সাধারণ লক্ষণগুলিও কিছু মানুষের মধ্যে দেখা যেতে পারে।

২১ প্রশ্ন: টীকাগুলো কতটা কার্যকরী?

উঃ এই টীকাগুলো অত্যন্ত কার্যকর হিসেবে প্রমাণিত হয়েছে। ফাইজার এই সংক্রমণ থেকে ৯৫% সুরক্ষা প্রদান করে এবং মডার্না টীকা (এমআরএনএ-১২৭৩/ mRNA-1273) ৯৪.১% কার্যকর। জনসন অ্যান্ড জনসন টীকা মার্কিন যুক্তরাষ্ট্রে মাঝারি থেকে তীব্র কোভিড-১৯ (COVID-19) রোগের প্রতিরোধে ৭২% কার্যকর এবং কোভিড-১৯ (COVID-19)-এর গুরুতর এবং প্রাণঘাতী সংক্রমণের প্রতিরোধে ৮৫% কার্যকর। এই প্রসঙ্গে তুলনা করে বলতে গেলে, বার্ষিক ফ্লু টীকা মাত্র ৪০-৬০% কার্যকর।

২২ প্রশ্ন: টীকা নেওয়া সত্ত্বেও কি আমার কোভিড-১৯ (COVID-19) হতে পারে?

উঃ যদিও টীকা নেওয়ার পরে কোভিড-১৯ (COVID-19) হতে পারে, তবে সম্ভাবনা খুবই কম এবং যদি আপনি অসুস্থ হয়ে পড়েন, তাহলে এটি একটি খুব সামান্য সংক্রমণ হতে পারে এবং আপনি সম্ভবত খুব গুরুতর অসুস্থতা বা হাসপাতালে ভর্তি হওয়া থেকে অব্যাহত থাকবেন।

২৩ প্রশ্ন: ফাইজার এবং মডার্না টীকায় এমআরএনএ (mRNA) ব্যবহৃত টীকার প্রযুক্তিটি কি?

উঃ এমআরএনএ (mRNA) প্রযুক্তি হোল টীকা তৈরির নতুন উপার, যা আমাদের শরীরের কোষগুলোকে একটি নির্দিষ্ট টুকরা তৈরি করার নির্দেশ দেয় যা ভাইরাসের বাইরের উপরিভাগের মত দেখতে হয় (স্পাইক প্রোটিন)। এই স্পাইক প্রোটিন আমাদের শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থাটিকে সজাগ করে দেয় এবং এন্টিবডি উৎপাদন করে, যা আমাদের রক্ষা করবে যদি আসল ভাইরাস আমাদের শরীরে প্রবেশ করে। এই পদ্ধতিটি আপনাকে কোভিড-১৯ (COVID-19) দিয়ে সংক্রামিত করতে পারে না। এমআরএনএ (mRNA) প্রযুক্তি দশ বছরেরও বেশি সময় ধরে অধ্যয়ন করা হয়েছে এবং ইতিমধ্যে ক্যান্সার চিকিৎসার জন্যও এটি ব্যবহার করা হচ্ছে।

২৪ প্রশ্ন: এমআরএনএ (mRNA) টীকা কি আমার ডিএনএ পরিবর্তন করবে?

উঃ না। যদিও অক্ষরগুলি একই রকম, এমআরএনএ (mRNA)-এর কোন প্রভাব পড়বে না আপনার ডিএনএ-এর উপর এবং ফাইজার এবং মডার্না এমআরএনএ (mRNA)-এর টীকা আপনার ডিএনএ পরিবর্তন করতে পারে না। এটাও মনে রাখা গুরুত্বপূর্ণ যে এমআরএনএ (mRNA) খুবই ক্ষণস্থায়ী, এবং প্রায় ৭২ ঘন্টার পর এর অবনতি ঘটে যায়।

২৫ প্রশ্ন: জনসন অ্যান্ড জনসন টীকার জন্য কি প্রযুক্তি ব্যবহার করা হয়েছে?

উঃ জনসন অ্যান্ড জনসন টীকা "অ্যাডেনোভাইরাস টাইপ ২৬" নামক একটি নির্দিষ্ট ঠাণ্ডার ভাইরাস ব্যবহার করে ভাইরাসের বাইরের উপরিভাগটি (স্পাইক প্রোটিন) কিভাবে সনাক্ত করা যায় তার জন্য আপনার শরীরকে নির্দেশনা প্রদান করে। এই পদ্ধতিটি আপনাকে কোভিড-১৯ (COVID-19) দিয়ে সংক্রামিত করতে পারে না।

২৬ প্রশ্ন: আমি কি এই টীকাটা গ্রহণ করা থেকে কোভিড-১৯ (COVID-19) পেতে পারি?

উঃ না। কোভিড-১৯ (COVID-19) এর বিরুদ্ধে লড়াই করার জন্য তিন ধরনের টীকা তৈরি করা হচ্ছে। তিনটির কোনটাই কোভিড-১৯ (COVID-19) দিয়ে আপনাকে সংক্রামিত করবে না। ফাইজার এবং মডার্না উভয় টীকাই এমআরএনএ (mRNA) টীকা, যা কোভিড-১৯ (COVID-19) ভাইরাস ব্যবহার করে না। জনসন অ্যান্ড জনসনের টীকা একটি নিরীহ ঠাণ্ডার ভাইরাস ব্যবহার করে এবং অন্য দুটোর মত কোভিড-১৯ (COVID-19) ভাইরাস ব্যবহার করে না। স্বল্পমেয়াদী অস্বস্তিকর কোন মৃদু পার্শ্বপ্রতিক্রিয়ার মানে হোল যে সেটা আপনার শরীরের উপর কাজ করছে এবং অ্যান্টিবডি তৈরি করছে (এটা হওয়াটা আসলে ভাল)।

২৭ প্রশ্ন: টীকার মাধ্যমে সুরক্ষা কতদিন বজায় থাকবে?

উঃ আমরা এখনো তা জানি না। টীকাগুলির এবং তাদের দীর্ঘমেয়াদী কার্যকরীতার সম্পর্কে এখনো আরও অনেক কিছু জানার আছে। যেই লোকেরা পুরো এক বছর ধরে এই রোগ-সম্বন্ধীয় পরেখের জন্য ভর্তি হয়েছে, তাদের উপর নজর রেখে আগামী শীতকালের মধ্যে আমরা আরো জানতে পারব।